

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৬৬

88/ ইলম (کتاب العلم عن رسول الله کتاب العلم عن رسول الله) পরিচ্ছেদঃ ইলম লিপিবদ্ধ করার অনুমতি প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي الرُّخْصَةِ فِيهِ

আরবী

حَدَّتَنَا قُتَيْبَةُ، حَدَّتَنَا اللَّيْتُ، عَنِ الْخَلِيلِ بْنِ مُرَّةَ، عَنْ يَحْيَى بْنِ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي مَنْ هُرَيْرَةَ، قَالَ كَانَ رَجُلٌ مِنَ الأَنْصَارِ يَجْلِسُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَيَسْمَعُ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم الْحَديثَ فَيُعْجِبُهُ وَلاَ يَحْفَظُهُ فَشَكَا ذَلِكَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم الْحَديثَ فَيُعْجِبُهُ وَلاَ يَحْفَظُهُ فَشَكَا ذَلِكَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم الْعَديثَ فَيُعْجِبُهُ وَلاَ يَحْفَظُهُ فَشَكَا ذَلِكَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم السَّعَعُ مِنْكَ الْحَديثَ فَيُعْجِبُنِي وَلاَ أَحْفَظُهُ . فَقَالَ رَسُولُ اللَّهِ إِنِي أَسْمَعُ مِنْكَ الْحَديثَ فَيُعْجِبُنِي وَلاَ أَحْفَظُهُ . فَقَالَ رَسُولُ اللّهِ عليه وسلم " اسْتَعِنْ بِيَمِينِكَ " . وَأَوْمَا بَيَدِهِ لِلْخَطِّ . وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللّهِ بْنِ عَمْرِو . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثُ إِسْنَادُهُ لَيْسَ بِذَلِكَ الْقَائِمِ . وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ يَقُولُ الْخَلِيلُ بْنُ مُرَّةَ مُنْكَرُ الْحَديثُ .

বাংলা

২৬৬৬. কুতায়বা (রহঃ) আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, জনৈক আনসারী রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর মজলিসে বসতেন এবং নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট থেকে হাদীস শুনতেন। হাদীসগুলো তাঁর খুব ভাল লাগত কিন্তু তিনি তা মনে রাখতে পারতেন না। পরে এই বিষয়ে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে তিনি তাঁর অবস্থা বর্ণনা করে বললেনঃ ইয়া রাসূলাল্লাহ্! আমি তো আপনার নিকট থেকে হাদীস শুনি, যা আমার কাছে খুব ভাল লাগে কিন্তু তা আমি মনে রাখতে পারি না। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি তোমার ডান হাতের সাহায্য নাও। এ কথা বলার সময় তিনি তাঁর হাত দিয়ে লেখার ইঞ্চিত করলেন।

যঈফ, যঈফা ২৭৬১, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬৬৬ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটির সনদ তেমন সঠিক নয়। মু□হাম্মাদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ)-কে বলতে শুনেছি যে, (এই হাদীসের) রাবী খালীল ইবন মুররা হাদীস বর্ণনার ক্ষেত্রে মুনকার।



English

Narrated Abu Hurairah:

"There was a man among the Ansar who would sit with the Messenger of Allah (**), and he would listen to the Ahadith of the Prophet (**) and he was amazed with them but he could not remember them. So he complained about that to the Messenger of Allah (**). He said: 'O Messenger of Allah! I listen to your Ahadith and I am amazed but I can not remember them.' So the Messenger of Allah (**) said: 'Help yourself with your right hand' and he motioned with his hand as if writing.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন